

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৫৯

১. পবিত্রতা (১ প্রান্ট্রান্ট্রা

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

بَابُ التَّيَمُّم

## আরবী

حَدَّثَنَا عَلِيٌّ بْنُ عَبْدِ اللَّهِ بْن مُبَشِّرِ ، نَا أَحْمَدُ بْنُ سِنَانِ ، ح : وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَا يُوسُفُ بْنُ مُوسَى ، قَالَا : نَا أَبُو مُعَاوِيَةَ ، نَا الْأَعْمَشُ ، عَنْ شَقِيق ، قَالَ : " كُنْتُ جَالِسًا مَعَ عَبْد اللَّهِ وَأَبِي مُوسَى ، فَقَالَ أَبُو مُوسَى : يَا أَبَا عَبْد الرَّحْمَن ، أَرأَيْتَ لَوْ أَنَّ رَجُلًا أَجْنَبَ فَلَمْ يَجِد الْمَاءَ شَهْرًا ، أَكَانَ يَتَيَمَّمُ ؟ فَقَالَ عَبْدُ اللَّهِ : لَا يَتَيَمَّمُ وَإِنْ لَمْ يَجِد الْمَاءَ شَهْرًا . فَقَالَ لَهُ أَبُو مُوسَى : فَكَيْفَ تَصِنْنَعُونَ بِهَذِهِ الْآيَةِ فِي سُورَةِ الْمَائِدَةِ : ( فَلَمْ تَجِدُوا مَاءً فَتَيَمَّمُوا صَعِيدًا طَيّبًا ﴾ [ الْمَائِدَةِ : 6 ] . فَقَالَ لَهُ عَبْدُ اللّهِ : لَوْ رُخِّصَ لَهُمْ فِي هَذَا لَأَوْشَكُوا إِذَا بَرَدَ عَلَيْهِمُ الْمَاءُ أَنْ يَتَيَمَّمُوا بِالصَّعِيدِ . قَالَ : فَقَالَ لَهُ أَبُو مُوسَى : فَإِنَّمَا كَرِهْتُمْ هَذَا لِهَذَا ؟! فَقَالَ : نَعَمْ . فَقَالَ لَهُ أَبُو مُوسَى : أَلَمْ تَسْمَعْ قَوْلَ عَمَّارِ لِعُمَرَ \_ رَضِيَ اللَّهُ عَنْهُمَا \_ : بَعَتَنِي رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ فِي حَاجَةِ ، فَأَجْنَبْتُ فَلَمْ أَجِدِ الْمَاءَ ، فَتَمَرَّعْتُ فِي الصَّعِيدِ كَمَا تَمَرَّغُ الدَّابَّةُ ، ثُمَّ جئتُ إِلَى النَّبيّ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ ، فَقَالَ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ : " إِنَّمَا كَانَ يَكْفِيكَ أَنْ تَضْرَبَ بِيَدَيْكَ عَلَى الْأَرْضِ ، ثُمَّ تَمْسَحَ إِحْدَاهُمَا بالْأُخْرَى ، ثُمَّ تَمْسَحَ بهمَا وَجْهَكَ " . فَقَالَ عَبْدُ اللَّهِ : أَلَمْ تَرَ عُمَرَ لَمْ يَقْنَعْ بِقَوْلِ عَمَّارِ ! . وَقَالَ يُوسُفُ : " أَنْ تَضْرَبَ بِكَفَّيْكَ عَلَى الْأَرْضِ ، ثُمَّ تَمْسَحَهُمَا ، ثُمَّ تَمْسَحَ بِهِمَا وَجْهَكَ وَكَفَّيْكَ " . فَقَالَ عَبْدُ اللَّهِ : فَلَمْ تَرَ عُمَرَ \_ رَضِيَ اللَّهُ عَنْهُ \_ لَمْ يَقْنَعْ بِقَوْلِ عَمَّارٍ

বাংলা

৬৫৯(১৫). আলী ইবনে আবদুল্লাহ ইবনে মুবাশশির (রহঃ) ... শাকীক (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি



আবদুল্লাহ ও আবু মূসা (রাঃ)-এর সাথে বসা ছিলাম। আবু মূসা (রাঃ) বললেন, হে আবু আবদুর রহমান। আপনি কি মনে করেন, যদি কোন ব্যক্তি নাপাক হয় এবং একমাস যাবত পানি না পায়, তবে সে কি তাইয়াম্মুম করবে? আবদুল্লাহ (রাঃ) বলেন, সে তাইয়াম্মুম করবে না যদিও এক মাস যাবত পানি না পায়। আবু মূসা (রাঃ) তাকে বলেন, সূরা মাইদার আয়াত "পানি না পেলে তোমরা পবিত্র মাটি দ্বারা তাইয়াম্মুম করো"-এর তোমরা কি ব্যাখ্যা করবে? আবদুল্লাহ (রাঃ) তাকে বলেন, যদি তাদের এ সম্পর্কে অনুমতি দেয়া হয়, তবে ঠাণ্ডা পানির বেলায় তারা হয়ত মাটি দ্বারা তাইয়াম্মুম করবে। রাবী বলেন, আবু মূসা (রাঃ) তাকে বললেন, নিশ্চয়ই তুমি এই কারণে তা (তাইয়াম্মুম) অপছন্দ করছে। তিনি বলেন, হাঁ। আবু মূসা (রাঃ) তাকে বলেন, তুমি কি উমার (রাঃ)-এর উদ্দেশে আম্মার (রাঃ)-এর বক্তব্য শুনেননি? রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে কোন প্রয়োজনে পাঠালেন। আমি নাপাক হলাম কিন্তু পানি পেলাম না। অতএব আমি পবিত্র মাটিতে গড়াগড়ি করলাম, যেমন চতুপ্পদ জন্ত গড়াগড়ি করে।

তারপর আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট ফিরে এসে বিষয়টি তাঁর নিকট বর্ণনা করলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমার জন্য এতটুকুই যথেষ্ট ছিল যে, তোমার উভয় হাত মাটিতে মারতে এবং এক হাত অপর হাতের উপর মসেহ করতে, তারপর উভয় হাত দিয়ে তোমার মুখমণ্ডল সেহ করতে। আবদুল্লাহ (রাঃ) বলেন, তবে কি আপনি উমার (রাঃ)-কে দেখেননি, তিনি আম্মার (রাঃ)-এর কথায় তুষ্ট হতে পারেননি? রাবী ইউসুফ তার বর্ণনায় বলেন, তোমার উভয় হাতের তালু মাটিতে মারো, তারপর উভয় হাত পরস্পর মর্দন করো, তারপর উভয় হাত দিয়ে তোমার মুখমণ্ডল ও উভয় হাত কজি পর্যন্ত মসেহ করো। আবদুল্লাহ (রাঃ) বলেন, আপনি কি উমার (রাঃ)-কে দেখেননি যে, তিনি আম্মার (রাঃ)-এর কথায় সম্ভুষ্ট হতে পারেননি?

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন